গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নম্বর-৩৮.০১.০০০০.১০৭.১৮.০০৩.২২. ৬৮৯৮

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩২
১৪ আগস্ট ২০২৫

বিষয়: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়াধীন শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহকে শতভাগ ধুমপানমুক্ত ঘোষনা করে প্রশিক্ষণকালে প্রশিক্ষাণার্থীদের জন্য ধূমপান ও তামাকজাত দ্রব্যের ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধকরণ সংক্রান্ত।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ১২ আগস্ট ২০২৫ তারিখের ৩৮.০০.০০০০.০০০.০০২.৯৯.০০০২.২৫.১২৮৩ নং স্মারকে শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহকে শতভাগ ধুমপানমুক্ত ঘোষনা করে প্রশিক্ষণকালে প্রশিক্ষাণার্থীদের জন্য ধূমপান ও তামাকজাত দ্রব্যের ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধকরণ সংক্রান্ত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক

১৪/৮/২৫
মোহাম্মদ নজরুল ইসলাম
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)
ইমেইল: adgeneraldpe@gmail.com

**বিতরণ:**

১. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/রাজশাহী/খুলনা/বরিশাল/চট্টগ্রাম/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ (অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)।
২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল) (অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)।
৩. উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)/ইন্সট্রাক্টর, টিআরসি/ইউআরসি (সকল) (অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)।

অনুলিপি:

১. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. অতিরিক্ত মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mopme.gov.bd

**স্মারক নম্বর:** ৩৮.০০.০০০০.০০০.০০২.৯৯.০০০২.২৫.১২৮৩

তারিখ: ২৮ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১২ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়াধীন শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহকে শতভাগ ধূমপানমুক্ত ঘোষণা করে প্রশিক্ষণকালে প্রশিক্ষণার্থীদের জন্য ধূমপান ও তামাকজাত দ্রব্যের ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ করণ সংক্রান্ত।**

সূত্র: স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং: স্বাপকম/স্বাসেবি/এনটিসিসি/শি.ম.যো/২০২৫/০২/১৭১; তারিখ: ০৩.০৮.২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভবিষ্যৎ প্রজন্মের সুস্বাস্থ্য নিশ্চিতকরণ এবং একটি স্বাস্থ্যবান, মাদকমুক্ত জাতি গঠনে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়াধীন শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহকে শতভাগ ধূমপানমুক্ত রাখতে স্বাস্থ্য সেবা বিভাগ হতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের দৃঢ় সমর্থন ও সদয় নির্দেশনা কামনা করা হয়েছে।

০২। এমতাবস্থায়, স্বাস্থ্য সেবা বিভাগ হতে প্রাপ্ত আধা-সরকারি পত্রটি প্রেরণপূর্বক পত্রের মর্মানুযায়ী প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়াধীন শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহকে শতভাগ ধূমপানমুক্ত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) স্বাস্থ্য সেবা বিভাগের আধা-সরকারি পত্র

১২-০৮-২০২৫
মোহাম্মদ সাখাওয়াত হোসেন সরকার
উপসচিব
০২২২৩৩৫১৮০১
dsad2@mopme.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
৩। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরীক্ষন ইউনিট।
৪। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর , জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)।
৫। পরিচালক, পরিচালক এর দপ্তর, শিশু কল্যাণ ট্রাস্ট।

**স্মারক নম্বর:** ৩৮.০০.০০০০.০০০.০০২.৯৯.০০০২.২৫.১২৮৩/১ (৩)

তারিখ: ২৮ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১২ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডি.ও.নং- স্বাপকম/স্বাসেবি/এনটিসিসি/শি.ম.যো/২০২৫/০২/১৭১ তারিখ: ০৩ আগস্ট, ২০২৫ খ্রিষ্টাব্দ

প্রিয় মহোদয়,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, তামাক ও তামাকজাত দ্রব্যের ব্যবহার জনস্বাস্থ্যের জন্য একটি মারাত্মক হুমকি। একইসঙ্গে, দেশের অর্থনীতির উপরও এর নেতিবাচক প্রভাব অত্যন্ত স্পষ্ট। দি টোব্যাকো অ্যাটলাস-এর ২০১৮ সালের প্রতিবেদন অনুযায়ী, বাংলাদেশে প্রতি বছর তামাকজনিত রোগে প্রায় ১,৬১,০০০ মানুষ মৃত্যুবরণ করেন। ২০১৭ সালের Global Adult Tobacco Survey অনুযায়ী ১৫ বছর ও তদূর্ধ্ব বয়সী জনসংখ্যার ৩৫.৩% ধূমপান বা ধোঁয়াবিহীন তামাকজাত দ্রব্য ব্যবহার করে থাকেন।

বাংলাদেশ ২০০৩ সালে Framework Convention on Tobacco Control (FCTC) স্বাক্ষর করে এবং ২০০৪ সালে তা অনুসমর্থন করে। তামাক ব্যবহার নিয়ন্ত্রণে সরকার ২০০৫ সালে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন এবং পরবর্তীতে এর অধীনে বিধিমালা প্রণয়ন করে। উক্ত আইন ও বিধিমালা অনুযায়ী, সরকারি দপ্তর হিসেবে শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহকে ধূমপানমুক্ত রাখার আইনগত বাধ্যবাধকতা রয়েছে।

শিক্ষার্থীরাই আমাদের ভবিষ্যৎ এবং শিক্ষকগণ সেই ভবিষ্যৎ নির্মাণের কারিগর। সাধারণ ধূমপানের অভ্যেস থেকেই শিশু-কিশোর-যুবারা ক্ষতিকর অন্যান্য আসক্তির দিকে ধাবিত হতে পারে। সুস্থ, সবল ও কর্মক্ষম জাতি গঠনে শিক্ষার্থীদের স্বাস্থ্যগত সুরক্ষা নিশ্চিত করা আমাদের অন্যতম গুরুত্বপূর্ণ দায়িত্ব। এই প্রেক্ষাপটে, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগাধীন শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহকে শতভাগ ধূমপানমুক্ত ঘোষণা করে প্রশিক্ষণকালে প্রশিক্ষণার্থীদের জন্য ধূমপান ও তামাকজাত দ্রব্যের ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে। এ উদ্যোগ প্রশিক্ষণার্থীদের মধ্যে সচেতনতা সৃষ্টির পাশাপাশি তাঁদের ব্যক্তিগত অভ্যাসেও ইতিবাচক পরিবর্তন আনতে সহায়ক হবে। প্রশিক্ষণ শেষে তাঁরা নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠানকে ধূমপানমুক্ত রাখার প্রয়াসে অগ্রণী ভূমিকা রাখতে পারবেন।

উল্লিখিত কার্যক্রমসমূহের বাস্তবায়ন ও মনিটরিং নিশ্চিতকল্পে জেলা ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট পরিদর্শনকালে বিষয়গুলো পর্যবেক্ষণ এবং পরিদর্শন প্রতিবেদনে অন্তর্ভুক্ত করার নির্দেশনা প্রদান করা যেতে পারে। সার্বিক বিবেচনায়, ভবিষ্যৎ প্রজন্মের সুস্বাস্থ্য নিশ্চিতকরণ এবং একটি স্বাস্থ্যবান, মাদকমুক্ত জাতি গঠনে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়াধীন শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহকে শতভাগ ধূমপানমুক্ত রাখতে আপনার দৃঢ় সমর্থন ও সদয় নির্দেশনা কামনা করছি।

আপনার উত্তরোত্তর সাফল্য, সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করছি।

শুভেচ্ছান্তে

(মোঃ সাইদুর রহমান)

**জনাব আবু তাহের মোঃ মাসুদ রানা**
সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

| প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সচিব-এর দপ্তর | |
|---|---|
| ☐ অতিরিক্ত সচিব (বিদ্যালয়) | অতি: গুরুত্বপূর্ণ |
| ☐ অতিরিক্ত সচিব (প্রশাসন) | জরুরী |
| ☐ অতিরিক্ত সচিব (উন্নয়ন) | ব্যবস্থা গ্রহণ |
| ☐ অতিরিক্ত সচিব (বাঃও অঃ) | নথিতে পেশ |
| ☐ যুগ্মসচিব........ | পত্রীকাত্তে পেশ |
| ☐ সচিবের একান্ত সচিব | নথিজাত |
| | আলোচনা |
| ডায়েরী নং ৪৬৫৮ তারিখ: 06/08/25 | সচিব |

2941
6.8.25

7/8/25